



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড  
২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা  
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

২৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ১২ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৭.২৩.২০৯৯

বিষয়: ম্যানেজিং কমিটি ভেঞ্জে দেয়া প্রসঙ্গে।

সূত্র: (০১) নং বামাশিবো/প্রশা/224221065351/72079/নথি নং -28 তারিখ: 25-09-2022 খ্রিঃ

(০২) স্মারক নং ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৬.২৩.২০৫৬; তারিখ: ০৮/০১/২০২৪ খ্রিঃ

(০৩) উপজেলা নির্বাহী কর্মকর্তার স্মারক নং ০৫.২০.৩০২৫.০০১.২৭.০০১.২০২৪-৩০৭; তাং ১১/০৩/২০২৪ খ্রিঃ

(০৪). মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৭.২৩.২০৮৯; তারি: ২৪/০৪/২০২৪খ্রিঃ

(০৫). সভাপতি ও সুপার কর্তৃক প্রেরিত জবাব।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের আলোকে জানানো যাচ্ছে যে, ফেনী জেলার দাগনভূঞা উপজেলাধীন আমুভূঞার হাট হাসানিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি সূত্রোক্ত ০১ নং স্মারকে অনুমোদন দেয়া হয়। অনুমোদিত ম্যানেজিং কমিটির ০৭ জন সদস্য পদত্যাগের অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা, ফেনী কে সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি তদন্ত প্রবেদন বোর্ডে প্রেরণের জন্য ০২ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। সূত্রোক্ত ০৩ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা, ফেনী একটি প্রতিবেদন অত্র বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় ম্যানেজিং কমিটি ০৭ জন সদস্য পদত্যাগের ঘটনা সঠিক প্রমানিত হওয়ায় কেন ম্যানেজিং কমিটি ভেঞ্জে দেয়া হবে না মর্মে সূত্রোক্ত ০৪ নং স্মারকে সভাপতি ও মাদ্রাসা প্রধান কে কারণ দর্শানো পত্র প্রেরণ করা হয়। সূত্রোক্ত ০৫ নং স্মারকে সুপার ও সভাপতি কারণ দর্শানো পত্রের জবাব প্রদান করেছেন। সভাপতি কর্তৃক দাখিলকৃত জবাব সন্তোষজনক নয়। সুপার তার জবাবে মাদ্রাসা পরিচালনার জন্য পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করেছেন।

বর্ণিত অবস্থায়, ম্যানেজিং কমিটির ০৭ জন সদস্য পদত্যাগের ঘটনা সঠিক প্রমানিত হওয়ায় এবং সভাপতি কর্তৃক দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়ায় সূত্রোক্ত ০১ নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঞ্জে দেয়া হলো একই সাথে মাদ্রাসা পরিচালনার স্বার্থে এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে আবেদন করার জন্য মাদ্রাসা প্রধানকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১২-০৬-২০২৪

প্রফেসর মোহাম্মদ মাহবুব হাসান

রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeb.gov.bd

সুপার, আমুভূঞার হাট হাসানিয়া দাখিল মাদ্রাসা, দাগনভূঞা, ফেনী।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৭.২৩.২০৯৯/১(৭)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী;
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী;
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা, ফেনী;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দাগনভূঞা, ফেনী;
- ৫। ম্যানেজার, সোনালী/বুপালী/অগ্রণী/জনতা ব্যাংক পিএলসি ..... শাখা, দাগনভূঞা, ফেনী;
- ৬। জনাব আলহাজ্ব জামাল উদ্দিন ছুট্টু মিঞা, সভাপতি, আমুভূঞার হাট হাসানিয়া দাখিল মাদ্রাসা, দাগনভূঞা, ফেনী এবং
- ৭। পিও টু চেয়ারম্যান / পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।



১২-০৬-২০২৪  
মোঃ ওমর ফারুক  
উপ রেজিস্ট্রার